

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

বিষয় : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ইনোভেশন টিমের ০৮.০৪.২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

চিফ ইনোভেশন অফিসার	:	মোঃ মামুনুর রশীদ উপপরিচালক, বিএমডি
তারিখ	:	০৮.০৪.২০১৯
সময়	:	বেলা ২.০০ টা
স্থান	:	বিএমডি-এর সভাকক্ষ
উপস্থিত সদস্য	:	পরিশিষ্ট-ক

জনাব মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক ও চিফ ইনোভেশন অফিসার, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভাপতিত্বে ১৫.০৪.২০১৯ তারিখে বিএমডির সভাকক্ষে ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় বিএমডি-এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

২.০ আলোচনা :


২.১ চিফ ইনোভেশন অফিসার ও ইনোভেশন টিমের সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিএমডিতে উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে ২০১৮-১৯ অর্থবছরের জন্য প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিভিন্ন দিক পর্যালোচনা করা হয়। সভাপতি উল্লেখ করেন যে, বৃপকল্প ২০২১ বাস্তবায়নে এবং বিএমডি-এর কাজের গতিশীলতা আনয়নে উদ্ভাবন চর্চার গুরুত্ব অপরিসীম। এ লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে বিএমডির দাপ্তরিক সেবাসমূহকে আরও সহজীকরণ ও জনবান্ধব করে গড়ে তোলার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

২.২ ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ মাহফুজুর রহমান, সহকারী পরিচালক (ভূ-পদার্থ) সভায় জানান যে, বিএমডি-এর উদ্ভাবনী কর্মপরিকল্পনার অংশ হিসাবে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এর তফসিল ৯, ১০ ও ১৩ অনুযায়ী অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারার তথ্য দাপ্তরিকভাবে ডিজিটালি বা কম্পিউটারাইজড পদ্ধতিতে সংরক্ষণের নিমিত্ত ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ চালুর পরিকল্পনার উদ্যোগ গৃহীত হয়েছে। ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ ক্রয়/প্রস্তুত প্রক্রিয়া শেষ পর্যায়ে রয়েছে এবং পরীক্ষামূলক ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ চালু করা হয়েছে। তবে অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারার তথ্য পর্যাপ্ত নয়। ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ এ সময়ে সময়ে অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারার তথ্যাদি সময়ে সময়ে হালনাগাদ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ ছাড়া খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ প্রণীত হওয়ার পর থেকে মার্চ/২০১৯ পর্যন্ত সকল অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা, কোয়ারি ইজারা তথ্যাদি সমন্বিতভাবে ডিজিটাল রেজিস্টার/আর্কাইভে কম্পিউটারাইজড পদ্ধতিতে সংরক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত সংশিষ্ট সকল কর্মকর্তার নিকট হতে অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০ সিদ্ধান্ত :

- (ক) ডিজিটাল রেজিস্টার/আর্কাইভে কম্পিউটারাইজড পদ্ধতিতে তথ্য সংরক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট হতে অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (খ) ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ এ অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারার তথ্যাদি সময়ে সময়ে হালনাগাদ করতে হবে;
- (গ) দাপ্তরিক কর্মকাণ্ডে নতুন নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সমাপ্তি ঘোষণা করেন।


২৫.০৪.১৯
মোঃ মামুনুর রশীদ
উপপরিচালক
ও


চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন
কমিটি, বিএমডি

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২(অংশ-১), ২৮৮

তারিখ: ২৫ চৈত্র ১৪২৫
০৮ এপ্রিল ২০১৯

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। কর্মকর্তা (সকল)..... বিএমডি, ঢাকা;
✓ ২। সংশ্লিষ্ট নথি।


২৫.০৪.১৯
মোঃ মামুনুর রশীদ
উপপরিচালক